



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২৫৮৩

তারিখ

২১ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
০৫ সিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬১৮ তম কমিশন সভা অদ্য ০৫/১২/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

১. অদ্যকার সভায় কমিশন মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিঃ (DSE TREC # 223) -এ কমিশন কর্তৃক গঠিত পরিদর্শন টীম এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কর্তৃক পরিদর্শন পূর্বক দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয়ঃ

(ক) মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিঃ (DSE TREC # 223) এর কিছু গ্রাহকের Portfolio statement এবং DPA6 এর তথ্যে বিভিন্ন তারিখে গরমিল রয়েছে। যার ফলে মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিঃ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এবং দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ১ ও ৬ এবং Securities and Exchange Rules, 1987 এর Rule 8(cc) ভঙ্গ করেছে।

(খ) মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিঃ তাদের Consolidated Customer Account এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A এর Sub-Rules (1) ভঙ্গ করেছে।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন অদ্যকার সভায় মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিঃ -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


(গ) মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিঃ এর প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) মোঃ রেজাউল আলম তার স্ত্রী তাসলিমা শাহনাজ এর নামে পরিচালিত BO হিসাব এর Authorized Person। উক্ত BO হিসাবে মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিঃ ও তার প্রধান নির্বাহী কর্মকর্তা ঋন প্রদানের মাধ্যমে Commission's Directive No:- SEC/CMRRCD/2001-43/31 তারিখঃ March 23, 2010 ভঙ্গ করেছে।

উপরোক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিঃ এর প্রধান নির্বাহী কর্মকর্তা, জনাব মোঃ রেজাউল আলম -কে ৩ (তিন) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২. সোহেল সিকিউরিটিজ লিঃ (CSE TREC # 76) -এ চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর পরিচালিত রুটিন পরিদর্শনে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখিত হয়ঃ

সোহেল সিকিউরিটিজ লিঃ তাদের Consolidated Customer Account এ ঘাটতি এবং Books of Account ও অন্যান্য নথিপত্র যথাযথভাবে প্রস্তুত না করার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8A এর sub-rules (1) ও (2) ভঙ্গ করেছে।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন অদ্যকার সভায় সোহেল সিকিউরিটিজ লিঃ -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।